

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র স্পেশাল জজ, সিলেট মহানগর।

প্রজ্ঞাপন

যেহেতু নিম্ন তপশিল বর্ণিত আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা ও ফ্রোকী পরোয়ানা জারি হইয়াছে এবং যেহেতু ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ৮৭ ও ৮৮ ধারামতে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং যেহেতু আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, উক্ত আসামি গ্রেফতার বা বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য পলাতক রহিয়াছেন বা আত্মগোপন করিয়াছেন এবং আসামিকে শীঘ্রই গ্রেফতার করিবার সম্ভাবনা নাই, সেইহেতু ফৌজদারী কার্যবিধির ৩৩৯ বি (১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আসামি-কে তাহার নামের পার্শ্বে বর্ণিত মামলার বিচারের নিমিত্তে The Criminal Law Amendment Act, 1958 এর 6(1A) ধারার বিধানমতে অফিসিয়াল গেজেটে প্রজ্ঞাপন প্রকাশ করা আবশ্যিক। প্রজ্ঞাপন প্রকাশের ১৫ (পনের) দিবসের মধ্যে এই ট্রাইব্যুনালে/তাহার অধীনস্থ ট্রাইব্যুনালে হাজির হইবার নির্দেশ দেওয়া গেল। অন্যথায় আসামির অনুপস্থিতিতে বিচারকার্য অগ্রসর করা হইবে।

তপশিল

ক্রমিক নং	আসামির নাম ও ঠিকানা	মামলার নাম্বার ও ধারা	পরবর্তী ধার্য তারিখ
০১	মোঃ সরফরাজ আলী (পাপলু) @ শরীফ আলী পাপলু, ক্যাশ অফিসার, ওয়ান ব্যাংক লিমিটেড, কাইয়ুম কমপ্লেক্স, (২য় তলা), ইসলামপুর শাখা, ইসলামপুর বাজার, সিলেট, পিতা: মোঃ আহসান আলী, সাং: রংধনু-৫৬, লাকরী পাড়া, শিবগঞ্জ, থানা: শাহপরান, জেলা: সিলেট।	স্পেশাল মামলা: ০৭/২০২০, (মহানগর দায়রা জজ আদালতের ফাইলিং মামলা) ধারা: দঃ বিঃ ৪২০/৪০৯/৪৬৭/ ৪৬৮/৪৭১/১০৯ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) দারা মোতাবেক।	আগামী ধার্য তারিখ: ৩০-০৪-২০২৩ খ্রিঃ।

এ.কিউ.এম নাছির উদ্দীন
সিনিয়র স্পেশাল জজ,
সিলেট মহানগর।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(৩৭৯৫)

মূল্য : টাকা ৪.০০